গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www. coop. gov.bd

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০৬৫.২২.০০৬.০৩- ৩৬৭ তারিখ ঃ ১৭/১১/২০১৩ খ্রিঃ।

বিষয় ঃ সমবায় সমিতি সমূহের বাজেট অনুমোদন ব্যতিরেকে খরচ করণ বিষয়ে আইনগত মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী এর স্মারক নং- ৪৭.৬১.০০০০.২৪১.৩৮.০০২.৯৯-২৩৭৪ তাং- ২৪/১০/১৩ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্নরূপভাবে মতামত প্রদান করা হ'ল ঃ

"সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৭(৩) ধারা মোতাবেক কোন সমবায় সমিতির নিরীক্ষা কার্য সম্পন্ন হওয়ার পূর্বে উক্ত সমবায় সমিতিতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের সুযোগ নাই। তবে সমিতির স্বার্থে বিশেষ কারণে বিদ্যমান সমবায় সমিতি আইনের ১৭(১২) ধারার বিধান মোতাবেক একই আইনের ১৭(৪) ধারায় উল্লেখিত নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ব্যতীত অন্য যে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য বিশেষ সাধারণ সভা অনুষ্ঠানের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে। বার্ষিক সাধারণ সভা বা বিশেষ সাধারণ সভায় বাজেট অনুমোদন ব্যতীত ব্যয় নির্বাহ করা হলে তা সমবায় সমিতি আইন ও বিধিমালার পরিপন্থি হবে। এক্ষেত্রে সাধারণ সভায় বাজেট অনুমোদন ব্যতীত ব্যয় নির্বাহের সাথে জড়িত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বিধি বর্হিভূতভাবে ব্যয়ের জন্য দায়ী হবে।"

(মোঃ খায়রুজ্জামান)
উপ-নিবন্ধক (আইন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

প্রতি,
যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্মারক নং- ২৬৭৭ (১৩) তারিখ-২৭/১১/২০১৩।

অবগতি ও পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যে প্রেরীত হ'ল।

১. জেলা সমবায় অফিসার, রাজশাহী / নওগাঁ / চাঁপাইনবাবগঞ্জ / নাটোর / পাবনা / বগুড়া / জয়পুরহাটও সিরাজগঞ্জ। পত্রটির অনুলিপি তার জেলার উপজেলা সমবায় কার্যালয় সমূহে বিতরণ করার জন্য অনুরোধ করা হলো।
২. উপ-নিবন্ধক( প্রশাসন / অডিট,আইন ও সমিতি ), বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
৩. সহঃ-নিবন্ধক( প্রশাসন / সমিতি ), বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
৪. গার্ড ফাইল এ কার্যালয়।

(মোঃ আহসান কবীর)
যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
রাজশাহী বিভাগ,রাজশাহী
ফোন-৭৭৫৫৪৬,ফ্যাক্স-৭৭৬২
তারিখ ঃ- ৫/১২/১৩